দৈনিক জনকণ্ঠ

77

তারিখ ... FEB. 5. 1999 ...
পৃষ্ঠা ১ কলাম ৫ ...

# অমর একুশের বইমেলা আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ শুক্রবার সকাল সাড়ে দশটায় বাংলা একাডেমী প্রাঙ্গণে ২৪ দিনব্যাপী অমর একুশে গ্রন্থমেলা উদ্বোধন করবেন। বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহযোগিতায় বাংলা একাডেমী এ মেলার আয়োজন করেছে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের এবং জাতীয় অধ্যাপক কবীর চৌধুরী। স্বাগত ভাষণ দেবেন বাংলা একাডেমীর মহাপরিচালক অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন। পুস্তক

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## অমর একুশের

(প্রথম পাতার পর)

প্রকাশক ও বিক্রেতা সমিতির পক্ষে ভাষণ দেবেন সংগঠনের সহ-সভাপতি হামিদুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলা একাডেমীর সভাপতি কবি শামসুর রাহমান।

একুশের বই মেলায় ২০৩ প্রতিষ্ঠানের ৩১৩ টি ইউনিট রয়েছে। মেলা চলবে আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত। মেলা প্রতিদিন খোলা থাকবে বিকাল তিনটা থেকে রাত ৯টা পর্যন্ত। শুক্রবার ও সরকারী ছুটির দিনে বেলা এগারোটা থেকে রাত ৯টা পর্যন্ত। শুক্রবার দুপুর বারোটা থেকে দুটো পর্যন্ত বিরতি। একুশে ফেব্রুয়ারি মেলা শুরু হবে সকাল আটটায়।

### ক্যাম্পাসে উত্তেজনা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, মহান একুশের বইমেলা উদ্বোধন উপলক্ষে আজ শুক্রবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমন জাতীয়তাবাদী ছাত্রদল প্রত্যাখ্যান করেছে। বৃহস্পতিবার এক সাংবাদিক সম্মেলনে তারা এ ঘোষণা দিয়েছে। ছাত্রদল প্রধানমন্ত্রীর আগমনের প্রতিবাদে আজ ক্যাম্পাসে মিছিল-সমাবেশ কর্মসূচী ঘোষণা করেছে, এদিকে বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখা পৃথক দু'টি প্রতিনিধি সভায় ক্যাম্পাসে প্রধানমন্ত্রীর আগমনকে স্বাগত জানিয়েছে। ছাত্রলীগ আজ সকালে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ কর্মসূচী পালন করবে। পরস্পর বিরোধী দু'টি ছাত্রসংগঠনের কর্মসূচীর কারণে ক্যাম্পাসে উদ্বেগ সৃষ্টি হয়েছে। সংঘর্ষেরও আশঙ্কা করা হচ্ছে।

বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন আজ সকালে একুশের বইমেলার উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করবে।